# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর

Web : www.dinajpureducationboard.gov.bd
E-mail : college@dinajpureducationboard.gov.bd

স্মারক নং- ৬/কল/লাল/৮৯/৫৬৮৮ তারিখঃ ২৮/০৩/২০২৪

**বিষয় : উচ্চ মাধ্যমিক পর্যায়ে একাডেমিক স্বীকৃতি প্রদান প্রসঙ্গে।**

সূত্র : (১) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর-এর ১৪/১১/২০২৩ তারিখের মঞ্জুরী কমিটির ৩য় সভার সিদ্ধান্ত নং- ১৩।
(২) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর-এর ২৭/০৩/২০২৪ তারিখের ৪৬তম বোর্ড সভা।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, **লালমনিরহাট** জেলার **কালীগঞ্জ** উপজেলাধীন "রুদ্রেশ্বর স্কুল এন্ড কলেজ"-এ কাম্য সংখ্যক শিক্ষার্থী ও পরীক্ষার্থী উন্নীত করার শর্তে নিম্নলিখিত শাখা ও বিষয়সমূহসহ নিম্নোক্ত শর্তসাপেক্ষে ০১/০৭/২০২৪ তারিখ হতে ৩০/০৬/২০২৬ তারিখ পর্যন্ত মোট ০২ (দুই) বছর মেয়াদে উচ্চ মাধ্যমিক পর্যায়ে একাডেমিক স্বীকৃতি প্রদান করা হলো।

**শাখা সমূহঃ**
**১। মানবিক, ২। বিজ্ঞান, ৩। ব্যবসায় শিক্ষা।**

**আবশ্যিক বিষয় ঃ**
(১) বাংলা
(২) ইংরেজি
(৩) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি

**নৈর্বাচনিক বিষয় ঃ**

(ক) মানবিক শাখা ঃ
১। অর্থনীতি।
২। পৌরনীতি ও সুশাসন।
৩। ইসলামের ইতিহাস ও সংস্কৃতি।
৪। ইতিহাস।
৫। সমাজ বিজ্ঞান।
৬। যুক্তিবিদ্যা।
৭। ইসলাম শিক্ষা।

(খ) বিজ্ঞান শাখা ঃ
১। পদার্থবিজ্ঞান।
২। রসায়ন।
৩। জীববিজ্ঞান।
৪। উচ্চতর গণিত।

(গ) ব্যবসায় শিক্ষা শাখা ঃ
১। ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা।
২। হিসাববিজ্ঞান।
৩। উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন।

(ঘ) সকল শাখার জন্য ঃ
১। মনোবিজ্ঞান।

**শর্তসমূহ ঃ**

১। বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান স্থাপন, পাঠদান ও একাডেমিক স্বীকৃতি প্রদান নীতিমালা-২০২২ (সংশোধিত ২০২৩) এর আলোকে উচ্চ মাধ্যমিক পর্যায়ে কাম্য সংখ্যক শিক্ষার্থী ও ফলাফল বজায় রাখতে হবে;
২। 'বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান স্থাপন, পাঠদান ও একাডেমিক স্বীকৃতি প্রদান নীতিমালা-২০২২' (সংশোধিত ২০২৩) অনুযায়ী সাধারণ ও সংরক্ষিত তহবিলের শর্ত পূরণ করে বোর্ডকে অবহিত করতে হবে;
৩। নিয়োগকৃত শিক্ষক/কর্মচারীর বেতন-ভাতাদি কলেজের (এমপিও না দেয়ার শর্তে) স্ব-অর্থায়নে পরিচালিত হবে;

চলমান পাতা-২

৪। ভবিষ্যতে উক্ত প্রতিষ্ঠানের কোন শিক্ষক-কর্মচারীকে এমপিওভুক্ত করা যাবে না।
৫। সরকারি বিধি মোতাবেক শিক্ষক নিয়োগ করতে হবে;
৬। বোর্ডের পূর্বানুমতি ব্যতীত কলেজের কোন শাখা/ক্যাম্পাস চালু করা যাবে না;
৭। উক্ত অনুমোদন ভবিষ্যতে অন্য কোন প্রতিষ্ঠানের ক্ষেত্রে উদাহরণ অথবা নজির হিসেবে বিবেচিত হবে না;
৮। সরকার প্রয়োজন মনে করলে যে কোন সময় যে কোন শর্ত আরোপ করতে পারবে;
৯। বেসরকারি কলেজের ক্ষেত্রে প্রচলিত অন্যান্য সকল শর্ত মেনে চলতে হবে;
১০। কোন শর্ত প্রতিপালনে ব্যর্থ হলে সরকার যে কোন সময় ও অনুমোদন বাতিল করতে পারবে;
১১। কলেজের সংরক্ষিত তহবিলে জমাকৃত ৪,০০,০০০/- (চার লক্ষ) টাকা বোর্ডের পূর্বানুমতি ছাড়া উঠানো যাবে না;
১২। কলেজের দৈনন্দিন খরচ বহনের জন্য সাধারণ তহবিলে কমপক্ষে ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা সবসময় জমা রাখতে হবে;
১৩। উচ্চ মাধ্যমিক পর্যায়ে শিক্ষার্থী সংখ্যা কাম্য পর্যায়ে উন্নীত করতে হবে।
১৪। উচ্চ মাধ্যমিক পরীক্ষার ফলাফল আরো উন্নত করতে হবে।
১৫। শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত (নং- শাঃ৪/১০এম ৫০/৮৩/৫৬০(১৫০০০)-শিক্ষা, তারিখ ১০ ই জুন, ১৯৮৪) পরিদর্শন ও হিসাব নিরীক্ষণ অধিদপ্তরের বে-সরকারী শিক্ষা প্রতিষ্ঠানের হিসাবরক্ষণ পদ্ধতি "নির্দেশিকা" অনুসারে ব্যাংকে রাখতে হবে এবং ক্যাশ বহিতে হিসাব সংরক্ষণ করতে হবে।
১৬। প্রত্যেক অর্থ বছরের শেষে কলেজের জমা খরচের হিসাব রেজিস্টার্ড অডিটর দ্বারা অডিট করাতে হবে এবং অডিট রিপোর্ট বোর্ডে পাঠাতে হবে।
১৭। বিধি মোতাবেক নিয়মিত কমিটি গঠন করে বোর্ডের অনুমোদন নিতে হবে।
১৮। কলেজের পরবর্তী অস্থায়ী স্বীকৃতির সময়সীমা বৃদ্ধি প্রদানের বিষয়টি অনলাইনে নিম্নলিখিত রিপোর্ট ও প্রয়োজনীয় ফি পাওয়ার পর বিবেচনা করা হবে।
ক) উপর্যুক্ত শর্তগুলি পূরণ সংক্রান্ত রিপোর্ট;
খ) কলেজের কার্য পদ্ধতি সম্পর্কে সন্তোষজনক পরিদর্শন রিপোট;
গ) অস্থায়ী স্বীকৃতির সময়সীমা বৃদ্ধির ফি বাবদ ০৮,০০০/- (আট হাজার) টাকা বোর্ডের সচিব-এর অনুকূলে সোনালী সেবার মাধ্যমে জমাদানের রশিদ।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

(মোঃ আবু সায়েম)
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
দিনাজপুর।

অধ্যক্ষ,
**রুদ্রেশ্বর স্কুল এন্ড কলেজ**
**ডাকঘর : কাকিনা**
**উপজেলা : কালীগঞ্জ, জেলাঃ লালমনিরহাট।**

**স্মারক নং- ৬/কল/লাল/৮৯/৫৬৮৮** **তারিখঃ ২৮/০৩/২০২৪**

**সদয় অবগতির ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**
১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
৩। মহাপরিচালক, ব্যানবেইস, শিক্ষা মন্ত্রণালয়, সোনারগাঁও রোড (পলাশী নীলক্ষেত), ঢাকা-১২০৫।
৪। জেলা প্রশাসক, লালমনিরহাট
৫। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রংপুর অঞ্চল, রংপুর।
৬। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর
৭। উপজেলা নির্বাহী অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট।
৮। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর।
৯। জেলা শিক্ষা অফিসার, লালমনিরহাট।
১০। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট।
১১। পি, এস. টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর।
১২। ওয়েব সাইট কপি।
১৩। অফিস কপি।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে
28.03.24
(মোঃ আবু সায়েম)
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
দিনাজপুর।

২৮/৩/২৪

Data(e)Collage-a4-mamun-sir